

**বিশ্ব ডায়াবেটিস দিবস' উপলক্ষে বিনামূল্যে ডায়াবেটিস নির্ণয় কার্যক্রম
অনুষ্ঠিত**



আগামী ১৪ই নভেম্বর "বিশ্ব ডায়াবেটিস দিবস'২০১৮ " উপলক্ষে ফার্মেসী বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর আয়োজনে ও বাংলাদেশ ডায়াবেটিক সমিতির উদ্যোগে; গত ১১ ই নভেম্বর ২০১৮ ইং দুই দিন ব্যাপী 'বিনামূল্যে ডায়াবেটিস নির্ণয় কার্যক্রম' বিশ্ববিদ্যালয় নতুন একাডেমিক ভবন প্রাঙ্গণে শুরু হয়েছে। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এ কার্যক্রম এর শুভ উদ্বোধন করেন। উল্লেখ্য ১১-১২ নভেম্বর সকাল ৮.০০ টা - ১০.৩০ মিনিট পর্যন্ত বারডেম হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসক দল বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে (নতুন একাডেমিক ভবনের নিচতলা) উপস্থিত থেকে আগ্রহী শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের ডায়াবেটিস নির্ণয়, এ বিষয়ে পরামর্শ ও অন্যান্য স্বাস্থ্য সেবা প্রদান করেন।